

ভাষা সৈনিক ও রাজনীতিক শামসুল হকের ৯০তম জন্মদিনে শ্রদ্ধাঞ্জলী

নুরুজ্জামান মানিক

গত ১লা ফেব্রুয়ারী ছিল পাকিস্তানের শাসক-শোসক চক্রের বিরুদ্ধে প্রথম সংগঠন ‘পাকিস্তান ডেমোক্রেটিক ইয়ুথলীগ প্রতিষ্ঠাতা , প্রথম বিরোধী রাজনৈতিক দল **আওয়ামী (মুসলিম) লীগের** উদ্যোক্তা সিংহপুরুষ ও প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক , ভাষা আন্দোলনের অন্যতম রূপকার সর্বজনাব শামসুল হকের ৯০তম জন্মদিন ।

কি আশ্চর্য আজকের সংবাদপত্রের কোথায় পেলাম না তাকে নিয়ে কোন নিউজ, ফিচার বা লেখা, কোন সভা সেমিনার এর খবর , এমনকি তার প্রতিষ্ঠিত দলেরও(**আওয়ামী লীগ**) পেলাম না কোন বানী !

অথচ এদেশেরই মাটি ও মানুষের অধিকার আদায়ের সংগ্রামের জন্য

তৎকালিন পাকিস্তানের শাসকশ্রেণীর শ্বেতসম্রাসের শিকার হয়ে বারবার কারাবরণ , পুনর্পৌনিক নির্যাতন ও নিবর্তনের পরিপ্রেক্ষিতে জনাব শামসুল হক ’৫২ সালে কারাগারে আটকাবস্থায় মানসিক ভারসাম্য হারিয়ে ফেলেছিলেন।